দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 24 1999
পৃষ্ঠা ৮২ কলাম ২

# প্রধানমন্ত্রী যাচ্ছেন রংপুর ঃ আজ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিফলক উন্মোচন

॥ মাহবুব রহমান ॥

রংপুর, ২৩শে জুলাই।— প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর শেখ হাসিনা দ্বিতীয়বারের মতো আগামীকাল শনিবার রংপুরে আসছেন। এদিন প্রধানমন্ত্রী রংপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিফলক উন্মোচন করবেন। এছাড়াও তার একাধিক কর্মসূচি রয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার রংপুরের মানুষের বহু প্রত্যাশিত বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিফলক উন্মোচন করবেন। অবহেলিত এ অঞ্চলের মানুষের দীর্ঘদিনের একটি স্বপ্নের বাস্তবায়ন ঘটবে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে। রংপুরে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার দাবিতে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র-ছাত্রীরা আন্দোলন করে আসছে। প্রযুক্তি বিশ্ববিদ্যালয় তাদের সে দাবি পূরণ করবে না। ছাত্রছাত্রীরা চায় কারমাইকেল কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করা।

প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর শেখ হাসিনার রংপুরে প্রথম সফর ছিল '৯৬ সালে। ওই সফরকালে রংপুর জিলা স্কুল মাঠে তিনি সমবেত জনতার রংপুরে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় দাবির পরিপ্রেক্ষিতে ঘোষণা দিয়েছিলেন সরকার দেশে বেশ কয়েকটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে একটি রংপুরে প্রতিষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সফল বাস্তবায়নের অংশ হিসেবে স্থাপন করা হচ্ছে এ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

নতুন এ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য প্রাথমিক কাজ অনেক দূর এগিয়েছে। কারমাইকেল কলেজের পতিত ও আবাদী ৭৫ একর জমি ইতোমধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে। আবার এর বিরোধিতা করেছেন ওই কলেজের কিছু শিক্ষক ও ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ। তারা কারমাইকেল কলেজের জমিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিপক্ষে। তারা মিছিল-মিটিং ও সংবাদ সম্মেলনও করেছেন। তাদের বক্তব্য আমরা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চাই; তবে তা কারমাইকেলের জমিতে নয়।

শনিবার সকালে প্রধানমন্ত্রী রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিফলক উন্মোচন করবেন। এ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, পরিকল্পনা প্রতিমন্ত্রী ডঃ মহিউদ্দিন খান আলমগীর, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও অন্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

এ সফরকালে তিনি মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কার্য 'অর্জন'-এর উদ্বোধন করবেন। মুক্তিযুদ্ধের ২৮ বছর পর এ প্রথম কোন প্রধানমন্ত্রী জেলা শহরে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। রংপুর ক্যাডেট কলেজ মোড়ে রংপুর জেলা প্রশাসকের পৃষ্ঠপোষকতায় রংপুরের ভাস্কর শিল্পী অনীক রেজা ভাস্কর্য 'অর্জন' নির্মাণ করেছেন।